

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

জননিরাপত্তা বিভাগ

প্রশাসন-৩ শাখা



## জননিরাপত্তা বিভাগের অর্থ ও প্রশাসন এবং মেডিকেল অনুবিভাগের সেপ্টেম্বর/ ২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী:

সভাপতি	রুহী রহমান অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
সভার তারিখ	৪ সেপ্টেম্বর ২০২২
সভার সময়	সকাল ১১:০০ টা
স্থান	অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মহোদয়ের অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর গত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধন/সংযোজন না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়। সভায় গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সন্তোষ প্রকাশ করে প্রশাসন ও অর্থ এবং মেডিকেল উইং এর কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করা হয়। তিনি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী জননিরাপত্তা বিভাগের অর্থ ও প্রশাসন এবং মেডিকেল অনুবিভাগের সকল অধিশাখা/শাখার কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সঠিকভাবে সম্পন্ন করার উপর পুনরায় গুরুত্ব আরোপ করেন।

অতঃপর এ বিভাগের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, ই-ফাইলিং কার্যক্রম, নিয়মিত আধিশাখা/শাখা পরিদর্শন, এ বিভাগের জিও ওয়েবসাইটে আপলোডকরণ ইত্যাদি নিশ্চিত করাসহ এনআইএস, ইনোভেশন, তথ্য অধিকার, সিটিজেন চার্টার, এপিএ ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয় এবং আইসিটি সেলের কার্যক্রমে বিভিন্ন পরামর্শ প্রদান করা হয়। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় :

০২। সিদ্ধান্তসমূহ:

ক্র: ম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.০.১	ক) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক APA'র লক্ষ্য পূরণে শতভাগ পত্র ই-ফাইলিং এর মাধ্যমে উপস্থাপন ও নিষ্পত্তি করতে হবে। খ) জননিরাপত্তা বিভাগের সকল কর্মকর্তার বিদেশ ভ্রমণ সংক্রান্ত জিও এ অনুবিভাগ প্রধানের অনুমতিক্রমে আইসিটি সেল website- এ আপলোড করবে। গ) এ অনুবিভাগের সকল অধিশাখা/ শাখায় গার্ডফাইল সংরক্ষণ করতে হবে।	সকল কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, সিস্টেম এনালিস্ট
২.০.২	সকল ডাক ই-নথিতে নিষ্পত্তি করে পত্র জারি অব্যাহত রাখতে হবে। এ জন্য আইসিটি সেল তদারকি, প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা প্রদান করবে। ই-নথির সার্ভার/ ইন্টারনেট এর গতি বাড়াতে এ a2i কে পুনরায় তাগিদ পত্র দিতে হবে।	সকল কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, সিস্টেম এনালিস্ট
২.০.৩	মাসিক সমন্বয় সভার (জুলাই ২০২২ মাসে অনুষ্ঠিত) ৭.৪.০ তম সিদ্ধান্ত মোতাবেক প্রশাসনিক ক্ষমতা অর্পণের বিষয়ে আগামী ০৭ দিনের মধ্যে প্রশাসন-১ শাখায় মতামত প্রেরণের জন্য সকল অনুবিভাগকে পুনরায় অনুরোধ করতে হবে।	সকল অনুবিভাগ প্রধান, উপসচিব (প্রশাসন-১),
২.০.৪	জনপ্রশাসন মন্ত্রণালয় হতে জারিকৃত প্রাধিকার তালিকা এ বিভাগের সকল কর্মকর্তাকে সরবরাহ করতে হবে।	উপসচিব(প্রশাসন-২)
২.০.৫	সকল অধিশাখা/ শাখা অনুযায়ী স্টক রেজিস্টার মেইন্টেইন করতে হবে ইনভেন্টরি সফটওয়্যার আপডেট করার বিষয়ে সিস্টেম এনালিস্ট উপসচিব (প্রশাসন-২) শাখার সাথে আলোচনা করে তা দ্রুত বাস্তবায়ন করবেন।	উপসচিব (প্রশাসন-২), সিস্টেম এনালিস্ট আইসিটি সেল

২.০.৬	এ বিভাগের কর্মচারী নিয়োগ প্রক্রিয়া সময়মত সম্পন্ন করতে হবে। আগামী ৭ কার্যদিবসের মধ্যে নিয়োগ বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ করতে হবে।	উপসচিব (প্রশাসন-১)
২.০.৭	এ অনুবিভাগের প্রস্তুতকৃত খসড়া কর্মবন্টন যাচাই-বাছাই করে আগামী ০৭ কর্মদিবসের মধ্যে মতামত প্রশাসন-১ শাখায় প্রেরণ করতে হবে।	সকল কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, উপসচিব (প্রশাসন-১)

০৩। পরিশেষে জননিরাপত্তা বিভাগের অর্থ ও প্রশাসন এবং মেডিকেল অনুবিভাগের সকল অধিশাখা/ শাখার কার্যক্রম যথাসময়ে সম্পাদনে সকলকে আন্তরিক হওয়ার জন্য বিভিন্ন পরামর্শ প্রদান করা হয়। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



রুহী রহমান

অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), জননিরাপত্তা বিভাগ,  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।


স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০২১.০৬.০০১.১৯.১৩৫

তারিখ: ৩০ ভাদ্র ১৪২৯

১৪ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, জননিরাপত্তা বিভাগ
- ২) উপসচিব, প্রশাসন-১ শাখা, জননিরাপত্তা বিভাগ
- ৩) উপসচিব, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ
- ৪) উপসচিব, প্রশাসন-২ শাখা, জননিরাপত্তা বিভাগ
- ৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬) সিনিয়র সহকারী সচিব, মেডিকেল -১ শাখা, জননিরাপত্তা বিভাগ
- ৭) সিনিয়র সহকারী সচিব, বাজেট-১ শাখা, জননিরাপত্তা বিভাগ
- ৮) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ
- ৯) সহকারী সচিব, বাজেট-২ শাখা, জননিরাপত্তা বিভাগ
- ১০) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব কোষ, জননিরাপত্তা বিভাগ
- ১১) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন, অর্থ ও আইসিটি অনুবিভাগ, জননিরাপত্তা বিভাগ ( অতিরিক্ত সচিব মহোদয়দের সদয় অবগতির জন্য)



আশাফুর রহমান  
উপসচিব